

নং-০৭.০০.০০০০.০৮৪.৩১.৪০৮.১৯-৩০৭

তারিখ: ১৪ বৈশাখ ১৪৩৩
০৭ মে ২০২৬

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ জহরুল ইসলাম, অফিস সহায়ক (সাময়িক বরখাস্তকৃত), অর্থ বিভাগ-এর বিরুদ্ধে সাময়িক অর্থনীতি অনুবিভাগের সিনিয়র সহকারী সচিব জনাব আশরাফুল আলম-এর উপর অতর্কিতে আক্রমণ করে রক্তাক্ত করা এবং অনুবিভাগ প্রধানসহ অন্যান্য কর্মকর্তাদের অশ্রাব্য ভাষায় গালিগালাজ ও প্রাণনাশের হুমকি প্রদানের অভিযোগের পরিপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী আনীত 'অসদাচরণ' এর অভিযোগে ০১/২০২৫ নং বিভাগীয় মামলা রুজু করা হয়। অর্থ বিভাগের ২০ মার্চ ২০২৫ তারিখের ২২৩ নম্বর স্মারকে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী সরাসরি তার নিকট এবং তার স্থায়ী ঠিকানায় ডাকযোগে প্রেরণ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ জহরুল ইসলাম ২৪ মার্চ ২০২৫ তারিখে লিখিত জবাব দাখিল করেন ও লিখিত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক ১৮ ডিসেম্বর ২০২৫ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ জহরুল ইসলাম-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী আনীত 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করা হয়; এবং

যেহেতু, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনাতে অভিযুক্ত কর্মচারীকে তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণপূর্বক প্রস্তাবিত দণ্ড কেন আরোপ করা হবে না 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৭(৯) মোতাবেক অর্থ বিভাগের ১৯ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের ১২৯ নম্বর স্মারকে তাকে এ বিষয়ে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়; এবং

যেহেতু, জনাব মোঃ জহরুল ইসলাম, অফিস সহায়ক (সাময়িক বরখাস্তকৃত), অর্থ বিভাগ-এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এর দ্বিতীয় কারণ দর্শানোর জবাব দাখিল করে তার অপরাধের জন্য ক্ষমা প্রার্থনা করেছেন এবং তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় অসদাচরণ-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় ২য় কারণ দর্শানো নোটিশের জবাব পর্যালোচনায় সচিব মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের পরিপ্রেক্ষিতে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৪(২)(খ) অনুযায়ী তাকে "৩ (তিন) বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিতকরণ" নামীয় লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;


সেহেতু, জনাব মোঃ জহরুল ইসলাম, অফিস সহায়ক (সাময়িক বরখাস্তকৃত), অর্থ বিভাগ-এর বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও সার্বিক বিষয় পর্যালোচনায় একই বিধিমালার বিধি ৪(২)(খ) অনুযায়ী তাকে "৩ (তিন) বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিতকরণ" নামীয় লঘুদণ্ড প্রদান করা হলো এবং তিনি তা পরবর্তীতে কখনই প্রাপ্য হবেন না। একই সাথে ১৯ মার্চ ২০২৫ তারিখ হতে সাময়িক বরখাস্তকালীন সময়কে বিনা বেতনে 'অসাধারণ ছুটি' হিসেবে গণ্য করে সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করত: তাকে চাকরিতে পুনঃযোগদানের আদেশ দেওয়া হলো। তবে, সাময়িক বরখাস্তকালে রাষ্ট্রকর্তৃক প্রদত্ত খোরপোষ ভাতা ফেরত প্রদান করতে হবে না ও কোনো বকেয়া প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত
০৭.০৫. ২০২৬
(মোহাম্মদ গোলাম কবির)
উপসচিব (প্রশাসন অধিশাখা-১)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০২। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অর্থ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা;
- ০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, অর্থ বিভাগ (প্রজ্ঞাপনটি অর্থ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
- ০৪। হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থ বিভাগ;
- ০৫। অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়)-এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ (অতিরিক্ত সচিবের সদয় অবগতির জন্য);
- ০৬। উপসচিব (প্রশাসন অধিশাখা-১)-এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ (উপসচিবের সদয় অবগতির জন্য);
- ০৭। জনাব মোঃ জহুরুল ইসলাম, অফিস সহায়ক, অর্থ বিভাগ (স্থায়ী ঠিকানা:- গ্রাম: ভূতছাড়া, ডাকঘর: ভূতছাড়া, উপজেলা: কাউনিয়া, জেলা: রংপুর);
- ০৮। অফিস কপি/গার্ড ফাইল।


০৭.০৮.২০২৬
(মোঃ জহুরুল হক)
উপসচিব